

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম
rajarhat.kurigram.gov.bd

শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী ২০২২ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নুরে তাসনিম, উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
স্থান : অফিসার্স ক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম।
তারিখ : ২৮.০৭.২০২২ খ্রি:।
সময় : সকাল ১১.০০ টা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালসহ সকল শহিদদের বুহের মাগফেরাত কামনা করেন। সভাপতি শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী-২০২২ এর তাৎপর্য ও মর্যাদা গভীরভাবে অনুধাবন করে জাতীয় পর্যায়ে গৃহিত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে রাজারহাট উপজেলায় যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী-২০২২ উদযাপনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় সদস্যবৃন্দের বিস্তারিত আলোচনার ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচী ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী-২০২২ উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসন, রাজারহাট, কুড়িগ্রাম এর কর্মসূচি :

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
০৫/০৮/২২	সকাল ১০.৩০ টা	শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	উপজেলা পরিষদ চত্বরস্থ কেন্দ্রীয় শহীদ মিনার, রাজারহাট, কুড়িগ্রাম	উপজেলা প্রশাসন
০৫/০৮/২২	সকাল ১০.৪৫ টা	'শহীদ ক্যাপ্টেন শেখ কামাল' নির্মল তারুণ্যের অগ্রদূত শীর্ষক আলোচনা সভা	অফিসার্স ক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	উপজেলা প্রশাসন
০৫/০৮/২২	সকাল ১১.৩০ টা	চারাগাছ ও চেক বিতরণ	অফিসার্স ক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	যুব উন্নয়ন অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম।
০৫/০৮/২২	সুবিধাজনক সময়	দোয়া মাহফিলের আয়োজন শহীদ ক্যাপ্টেন শেখ কামালের বুহের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।	সকল মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে	ইসলামিক ফাউন্ডেশনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

অন্যান্য সিদ্ধান্তবলী :

- ০১। সামাজিক দুরত্ব বজায় রেখে যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।
- ০২। শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী ২০২২ উদযাপন উপলক্ষে গৃহিত কর্মসূচির আলোকে ইউনিয়ন পর্যায়ে কর্মসূচি গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।
- ০৩। শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী ২০২২ উদযাপনের লক্ষে গৃহিত কর্মসূচি ব্যাপক প্রচারণার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

০৪। শহিদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী ২০২২ উদযাপন উপলক্ষে বিনামূল্যে গৃহিত প্রতিটি কর্মসূচি বিস্তারিত কভারেজ দেয়ার জন্য নিজ উদ্যোগে প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণকে অনুরোধ করা হলো।

০৫। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

০৬। উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে (সরাসরি/ভার্চুয়ালি) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অনুরোধ জানাতে উপজেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

০৭। গৃহিত সকল কর্মসূচিতে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য অফিসার ইনচার্জ, রাজারহাট থানা, কুড়িগ্রামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে আর কেন আলোচনা না থাকায় গৃহিত কর্মসূচীর সফল বাস্তবায়নের লক্ষে সরকারী দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীসহ সকলকে আন্তরিক ও সক্রিয় অংশগ্রহণের আহবান জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


নূরে হাসনিম
উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৭-৫৬০০১
মোবাইল : ০১৭০৯-৯৭৪৫০২
unorajarhat@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৭৭.০০০.০২.০১৬.২২-৮৩২(২০০)

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬ কুড়িগ্রাম-২।

২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম।

৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম।

৫।.....রাজারহাট, কুড়িগ্রাম।

৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। অফিস কপি।


নূরে হাসনিম
উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৭-৫৬০০১
মোবাইল : ০১৭০৯-৯৭৪৫০২